old friends
OLD RAJSHAHI CADETS ASSOCIATION

একটি অরকা মুখপত্র
# স্প্যান
SPAN—16: জুলাই '৯০ ঢাকা

## অধ্যক্ষের সাথে আনুষ্ঠানিক আলোচনা

আসন্ন রজত জয়ন্তী উৎসবকে সফল করে তুলতে গত ২৩ শে জুন অরকা মহাসচিবের নেতৃত্বে একটি যৌথ অরকা প্রতিনিধিদল রাজশাহী ক্যাডেট কলেজের মাননীয় অধ্যক্ষ লে: কর্নেল কায়সার এর সাথে তার অফিস কক্ষে আনুষ্ঠানিক আলোচনায় মিলিত হন। আন্তরিক সৌহার্দ্যপূর্ণ এই আলোচনা প্রায় দেড়ঘন্টা স্থায়ী হয়। মহাসচিব আ· ফ· ম খুরশীদ (২/৫১) আসন্ন অনুষ্ঠানকে সফল করে তুলতে কলেজ কর্তৃপক্ষের সহযোগিতা কামনা করেন এবং মূল অনুষ্ঠানটি ৪ দিনের করার জন্য অধ্যক্ষের নিকট লিখিত প্রস্তাব করেন। মাননীয় অধ্যক্ষ আশ্বাস দেন, তিনি সার্বিক সুবিধা অসুবিধা বিশ্লেষণ করে এবং গভর্নিং বডির সাথে আলোচনা করে প্রোগ্রাম চূড়ান্ত করবেন। তিনি অত্যন্ত উৎসব মুখর রজত জয়ন্তী অনুষ্ঠান উদ্‌যাপনের আশা প্রকাশ করেন। অরকা প্রতিনিধিদলে মহাসচিব খুরশীদ (২/৫১) ছাড়া অন্যান্য সদস্যরা হলেন আব্দুল মোকাদ্দেম (কোষাধ্যক্ষ, অরকা) রফিক (সাংগঠনিক সম্পাদক অরকা) রুবেল ( সা, সম্পাদক, উত্তর জোন), লতিফ (কোষাধ্যক্ষ, উত্তর জোন) ডাঃ নূরুল হক (১১/৫৯৪), মাইনুল (১৫/৮৬০) ও সাইদ (১৮/)। আলোচনা শেষে প্রতিনিধিদল সদ্য সন্তান হারা (১৩/৭৪৪) শ্রদ্ধেয় শিক্ষক জাভেদ আলী বিশ্বাস স্যারের বাসায় গিয়ে তার পরিবারকেসান্ত্বনাজানান।

উল্লেখ্য রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পরিস্থিতির অবনতি ঘটায় বিশ্ববিদ্যালয় ক্যাফেটেরিয়ায় প্রস্তাবিত উত্তর জোন সদস্যদের সাথে আনুষ্ঠানিক আলোচনা মঞ্জু বোর্ডিং এ স্থানান্তরিত করা হয়। প্রচন্ড বৃষ্টির কারণে সেখানে যৌথ প্রতিনিধিদলের সদস্য ব্যতীত শুধুমাত্র মঞ্জু (১২/৬৯৫) ও পলিন (১০/৫৩৪) উপস্থিত হতে পেরেছিলেন। প্রায় ঘন্টা ব্যাপী আলোচনায় উৎসবকে সফল করে তুলতে পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি এবং উভয় অরকা'র করণীয় সমূহ স্থান পায়। উত্তর জোনের সদস্যবৃন্দ, নির্বাহী কমিটিকে সকল প্রকার সহায়তা দানের পূর্ণ আশ্বাস প্রদান করেন। উল্লেখ্য অরকা প্রতিনিধিদলের রাজশাহী সফর কালীন সময়ে তাদের আন্তরিক আতিথিয়তা ও সহযোগিতা করার জন্য অরকা প্রতিনিধিদল – ডাঃ নূরুল হক (১১/৫৯৪) মেজর বারী (৪/৬৯৬), পলিন (১০/৫৩৪) ডঃ শাহ আলম (১/১৬) ডাঃ ইমরান (১১/৫৮২) লতিফ (১০/) ও সাইদ (১৮/) সহ আরো অনেকের নিকট তাদের আন্তরিক কৃতজ্ঞতা জানাচ্ছে।



বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান ফুটবল দল

## বিস্মৃত ইটালীয়া জাগ্রত গোথিয়া

ডানা, গোথিয়ার কাছে হার মেনেছে ইটালীয়া। মাস ব্যাপী বাংলাদেশের ঘরে ঘরে বিচরণ করেও ইটালীয়া স্থান করে নিতে পারেনি আমাদের হৃদয়ে। বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠানের এক ঝাঁক তরুণ সৈনিকের বুলেটে সব কিছু ম্লান হয়ে গেছে। ম্যারাডোনা, শিলাচী, কারেকা, ম্যাথুউজ, মিলার--এরা আমাদের গর্ব হতে পারে না। যদিও বিশ্বকাপ শেষে এদেশের অনেকেই মেতে উঠেছিলেন তাদের নিয়ে। কিন্তু তারা এখন বিস্মৃত। এখন ১১ কোটি বাংলাদেশী মেতে উঠেছে বখতিয়ার নয়ন, মামুন মিরাজ কে নিয়ে--যারাআমাদেরইগর্ব।

গত ২১ শে জুলাই গোথিয়া কাপের ফাইনালে গোথেন বার্গ অলিম্পিক স্টেডিয়ামে উপস্থিত হাজার হাজার দর্শককে হতবাক করে দিয়ে স্বয়ং ফুটবলের রাজা পেলের উত্তর সূরী শক্তিশালী ব্রাজিল দলকে ৬–০ গোলে পরাজিত করে বিশ্ব ফুটবলে, একটি সাম্ভাব্য ঝড়ের পূর্ব সংকেত জানিয়ে দেয়। গোথিয়া কাপে অপরাজিত চ্যাম্পিয়ান হয় বি· কে· এস· পি দল। শুধু চ্যাম্পিয়ান নয়, সুন্দর ও পরিচ্ছন্ন খেলার জন্য তারা 'ফেয়ার প্লে' ট্রফিও লাভ করে। এ টুর্নামেন্টে বাংলাদেশ দল ৪৯টি গোল করেছে এবং মাত্র ১টি গোল তাদের জালে প্রবেশ করেছে। বাংলাদেশ দলের তরুণ স্ট্রাইকার বখতিয়ার তিনটি হ্যাট্রিকসহ মোট ১৩টি গোল করে সর্বোচ্চ গোলদাতার সম্মান লাভ করে। ক' দিন আগে ইউরোপের ডেনমার্কে অনুষ্ঠিত ডানা কাপেও পূর্ন দাপটের সাথে খেলে একই ভাবে তারা অপরাজিত চ্যাম্পিয়ান হয়।

বিশ্বের শ্রেষ্ঠ ফুটবল অঙ্গন ইউরোপ থেকে কিশোর ফুটবলের দু–দুটি আন্তর্জাতিক ট্রফি জিতে আনা বাংলাদেশের ক্রীড়ার ইতিহাসে একটি অভূতপূর্ব ঘটনা। এই ঘটনা জাতিকে শুধু গৌরবান্বিতই করেনি সেই সাথে সম্মানজনক অবস্থান করার সম্ভাবনাকেও উচ্চকিত করে তুলেছে। জাতির জন্য এই বিরল গৌরব অর্জনের জন্য সকল দেশবাসীর সাথে অরকার সদস্যরাও আনন্দিত ও গর্বিত। অরকার পক্ষ থেকে বিশ্বজয়ী বি, কে, এস পি দলের সকল খেলোয়াড় ও কর্মকর্তাদের বিশেষ "অভিনন্দন" জানচ্ছি। সেইসাথে তাদের এগিয়ে যাবার পথকে আরও সু–প্রশস্থ করার জন্য বাংলাদেশ ফুটবলের কর্তাব্যক্তিদের প্রতি বিশেষ আহবান জানাচ্ছি।

স্প্যান–১৭ এর প্রকাশনাকাল আগামী সেপ্টেম্বর। ছবি সহ খবর পাঠাতে অনুরোধ জানানো যাচ্ছে।
---সম্পাদক

# স্প্যান

## সম্পাদকীয়

ইটালীয়া শেষ হয়েছে। ইটালীয়াকে কেন্দ্র করে অফিস আদালত, কল-কারখানা ব্যবসা-বানিজ্য প্রতিষ্ঠানে সিডিউলের যে পরিবর্তন হয়েছিল তা পূর্বের অবস্থায় ফিরে এসেছে। সকলেই ফিরে এসেছে নিজ নিজ জায়গায়। সব ধরণের পত্রিকাগুলিই এ সময়ে মূলতঃ সোচ্চার ছিল ঐ ফুটবলকে নিয়ে। খেলাধূলা থেকে শুরু করে বিনোদোনমূলক, ব্যাবসা-বানিজ্য, ঘর-সংসার বিষয়ক এমনকি চিকিৎসা বিষয়ক পত্রিকাগুলির প্রচ্ছদে স্থান পেয়েছে ঐ ফুটবল। রাজশাহী ক্যাডেট কলেজের বার্ষিক সাহিত্য প্রকাশনী 'আউট লুক' এড়িয়ে যেতে পারেনি এ বিষয়কে। বিশ্বকাপের চরম উত্তেজনাকর অবস্থাতে কোন এক সাপ্তাহিকীর প্রচ্ছদে বিশ্বকাপ স্থান না পাওয়ায় জনৈক পাঠক সম্পাদককে প্রশ্ন করে জবাব চেয়েছেন--সরব বিশ্বকাপে আপনি নিরব কেন? স্প্যান যদিও এ ধরণের নয় তবুও আমাদের কিছু ভুল হয়েছে বৈকি। কারণ স্প্যান এর প্রকাশ কাল ছিল ঠিক ঐ সময়েই। আর তা হলে স্বাভাবিক ভাবেই এ প্রসঙ্গ এসে পড়তো। তাই আত্মপক্ষ সমর্থন করে বলতে হচ্ছে--আমরা 'বিশ্বকাপে বাংলাদেশ' এর স্বপ্ন দেখি। আর বর্তমান সময়ের একটি আলোচিত ঘটনা এ স্বপ্নেরই ইঙ্গিত বহন করে বলে আমাদেরও দৃষ্টি আকৃষ্ট হয়েছে সেই দিকে--বিশ্বজয়ী বি·কে·এস·পি'র ক্ষুদে ফুটবলারদেরদিকে।

আসলে স্প্যানের আলোচনার গন্ডি এটুকুই। সদস্যদের সুখ, দুঃখ ও আনন্দ আলোচনাই স্প্যানের আলোচ্য বিষয়। তাই ফিরে যেতে হচ্ছে সে দিকেই। পুরাতন কথা আবারও এসে যাচ্ছে। আসন্ন রজত জয়ন্তী অনুষ্ঠানের প্রাক্কালে যে ডাইরেক্টরী প্রকাশ হবার কথা ছিল সে ব্যাপারে তেমন সাড়া পাওয়া যাচ্ছে না। প্রায় সবার কাছেই ডাইরেক্টরী ফরম পাঠানো হলেও এখন পর্যন্ত জবাব এসেছে সামান্যই। অথচ সবাই একটু সজাগ হলে এতদিনে প্রকাশনার কাজ শুরু করা যেত। তাই আবারও অনুরোধ রইল ডাইরেক্টরী ফরমটি অতি সত্বর পূরণ করে পাঠানোর জন্যে।

আসন্ন অনুষ্ঠান একটি ব্যয় বহুল অনুষ্ঠান। যেহেতু আর্থিক দিক দিয়ে অরকা জরাগ্রস্থ সেহেতু এই ব্যয় সংকুলান করা আমাদের মত সংগঠনের জন্যে অত্যন্ত কষ্ঠসাধ্য ব্যাপার। তবুও সবার আন্তরিক সহযোগিতা থাকলে এ সমস্য অতিক্রম করা সম্ভব। অনুষ্ঠানের অর্থ সংকুলানের চেষ্ঠা করা হচ্ছে স্যুভিনিরের বিজ্ঞাপন থেকে। তাই এই বিজ্ঞাপন সংগ্রহের জন্যে সবার সহযোগিতা কামনা করছি।

সবশেষে অরকা উত্তর জোনের সংগঠনিক তৎপরতাকে স্বাগত জানায়। ইতিমধ্যে একটি বড় ধরণের স্বেচ্ছায় রক্তদান অনুষ্ঠান ছাড়াও রাজশাহী হকি ও বাস্কেটবল লীগে অরকা'র অর্ন্তভূক্তি অরকা'কে আরও গতিশীল করেছে।

শুভেচ্ছা রইল। সকলের জন্য সুখী ও সুন্দর জীবন কামনা করছি। let all of us prosper together.

## স্প্যান পরিষদ

x **প্রধান উপদেষ্টা:**
ফ· আ· ম· খুরশীদ (২/৫১)
মহাসচিব, অরকা

x **বিশেষ উপদেষ্টা:**
ফজলে আলমগীর (১১/৫৮০)
মোঃ আব্দুল মোকাদ্দেম (১৩/৭১১)

x **সম্পাদক;**
সাহাবুদ্দীন সরকার স্বপন (১৬/৯০৪)

x **বিশেষ সংবাদদাতা**
আব্দুল হামিদ (১/১) (উত্তর আমেরিকা)

কামরুল (৩/১৩৯) উলফাত (৪/১৯১)
লাইক (৫/২১৪) শিবলী (৬/২৮৪)
রঞ্জু (৮/৪০৯) জসীম (৯/৪৬১)
রহমতুল্লাহ (৯/৪৭৩) দুলাল (১০/৫৫৪)
মুশতাক জামাল (১৪/৪৬১)
রফিক (১৫/৮২) মতিন (১৫/৮৪৬) নাভিদ (২০/১১২১)

কম্পোজঃ স্বপন
ম্যাসিভ কম্পিউটার সিস্টেমস্
৯৫/১, নিউ এলিফ্যান্ট রোড,
জিন্নাত ম্যানশন(৪র্থ তলা)
ঢাকা।

## গুরুত্বপূর্ণ কাগজপত্র হস্তান্তর

সম্প্রতি জসীম (৯/৪৬১) বেশ কিছু গুরুত্বপূর্ণ কাগজপত্রের ফটোকপি অরকা'র নিকট হস্তান্তর করেছেন--যা অরকা'র সংগ্রহ ছিলনা বা হারিয়ে গেছে। এ সকল গুরুত্বপূর্ণ কাগজপত্র সরবরাহের জন্যে জসীম (৯/৪৬১)কে অরকা'র পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জানানো হচ্ছে। তাছাড়া অন্য কারও কাছে অরকা ও রাজশাহী ক্যাডেট কলেজ সম্বন্ধীয় পুরাতন কোন কাগজপত্র থাকলে অরকা অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

## বাস্কেটবল ও হকি লীগে অরকা

অরকা উত্তর জোন এবার রাজশাহী প্রথম বিভাগ বাস্কেটবল ও হকি লীগে অরকা'র নাম এন্ট্রি করেছে। ইতিমধ্যে বাস্কেটবল লীগে শুরু হয়ে প্রায় শেষ হতে চলেছে। সর্বশেষ খবর আমাদের হাতে না পৌছলেও অসমর্থিত সূত্রে জানা গেছে বাস্কেটবল লীগে অরকা'র অবস্থান খুবই সুবিধাজনক। আশা করা হচ্ছে অরকা দল চ্যাম্পিয়ন হতে যাচ্ছে। বাস্কেটবল লীগে অরকা'র অপূর্ব ক্রীড়া নৈপুন্যের জন্য সবার পক্ষ থেকে অধিনায়ক উল্কা (১৮/ ৯৮১) সহ সকল খেলোয়াড় ও কর্মকর্তাদের অভিনন্দন জানাচ্ছি। আমাদের জানামতে হকি লীগ এখনও শুরু হয়নি। উল্লেখ্য দুই লীগে অরকাকে পৃষ্ঠপোষকতা করছেন পলিন (১০/৫৩৪) ও মঞ্জু(১২/৬৯৬)। আপনাদের প্রচেষ্ঠাকে স্বাগত জানায়।

হকি লীগেও অনুরূপ ফলাফল আশা করছি। অরকা'র পক্ষথেকে পৃষ্ঠপোষকদ্বয়কে "বিশেষ ধন্যবাদ"জানানোহচ্ছে।

## ভুল সংশোধন

গত সংখ্যায় 'অরকা তমিজউদ্দীন বৃত্তি' শিরোনামে যে খবর দেয়া হয়েছিল সেখানে তমিজউদ্দীন এর স্থলে আব্দুল কাদের পড়তে হবে। অর্থাৎ এখন থেকে 'অরকা আব্দুল কাদের বৃত্তি' নামে তা পরিচিত হবে। জনাব আব্দুল কাদের বিশিষ্ঠ শিল্পপতি ও তমিজউদ্দীন টেক্সটাইল মিলস লিঃ এর কর্ণধার জনাব সাহাবুদ্দীন আহমেদ এর পিতা। উল্লেখ্য 'অরকা আব্দুল কাদের বৃত্তি' মাসিক ৫০০ টাকা করে পাঁচ জন অরকা সদস্য পেয়ে থাকেন। অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমাপ্রার্থী।

## সৌজন্য সাক্ষাৎ

আসন্ন রজত জয়ন্তী অনুষ্ঠানের ব্যাপারে কলেজের বর্তমান ক্যাডেটদের মতামত জানার জন্য গত ১৬ই জুলাই সোমবার অরকা অফিসে ঢাকাস্থ বর্তমান ক্যাডেটদের সাথে অরকা নির্বাহী

কর্মকর্তাদের এক সৌজন্য সাক্ষাতের ব্যবস্থা করা হয়।

অনুষ্ঠানে অরকা সহাসচিব খুরশীদ ছাড়াও সর্বজন শ্রদ্ধেয় আব্দুল হামিদ (১/১) উপস্থিত ছিলেন। বর্তমান ক্যাডেটদের প্রায় ১৫/১৬ জন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। তাদের সাথে ঘরোয়া আলোচনায় বর্তমান ক্যাডেটরা মূলতঃ মূল অনুষ্ঠানের সকল পর্বে তাদের উপস্থিতির নিশ্চয়তার উপর জোর দেয়। অরকা'র পক্ষ থেকে বক্তব্য রাখেন আব্দুল হামিদ (১/১), মহাসচিব খুরশীদ (২/৫১) ও রফিক (১৫/৮২৭)। অনুষ্ঠানে আব্দুল হামিদ তাদের প্রত্যেকে একটি করে কলম ও তাবলীগের দাওয়াত দেন। অরকা মহাসচিব রজত জয়ন্তী অনুষ্ঠান কালে সকল ক্যাডেটদের শৃঙ্খলার উপর গুরুত্বারোপ করেন। বর্তমান ক্যাডেটদের মধ্যে যারা উপস্থিত ছিলেন, তারা হলেন---

গালিভ আসাদুল্লাহ (২৫/১৩৩৬), আরিফ (২৫/১৩৩৮) এহতাশেম (২৩/২৫৭৫) রিয়াজ (২৫/১৩২৩) হুমায়ুন (২৫/১৩৩৪) প্রমুখ। উল্লেখ্য অনুষ্ঠান শেষ হবার আগেই অনেকে চলে যাবার কারণে তাদের নাম দিতে পারলাম না বলে দুঃখিত।

## রক্তদান সংবাদ

প্রতিবেদকঃ নূরুল হক (১১/৫৯৪)

গত ১১ই জুন অরকা উত্তর জোন, সন্ধানী আর, এম,-সি শাখার সহযোগিতায় রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এক স্বেচ্ছায় রক্তদান অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানের উদ্বোধন করেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর আমানুল্লাহ আহমেদ। অরকা উত্তর জোনের সভাপতি ও ব্যবস্থাপনা বিভাগের শিক্ষক ডঃ সাইফুল মজিদ কালাম সর্বপ্রথম রক্তদান করেন। অনুষ্ঠানে আইন বিভাগ ও ব্যবস্থাপনা বিভাগের ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ছিল উল্লেখযোগ্য। প্রচুর সংখ্যক ডোনার থাকলেও সন্ধানীর ব্যাগ সল্পতার কারণে ৮১ব্যাগের বেশী রক্ত সংগ্রহ করা সম্ভব হয়নি। ব্যাগ সংগ্রহ করা গেলে আরও অর্ধশত ব্যাগ রক্ত সংগ্রহ করা যেত। উল্লেখ্য ব্যাগের অভাবে অরকা সদস্যদের কেউই রক্তদান করতে পারেননি। অনুষ্ঠানটির সমন্বয়কারী ছিলেন ডাঃ নূরুল হক নিজেই।

অনুষ্ঠানটির সফল সমাপ্তির জন্য ডঃ শাহ আলম, উপস্থিত অরকা সদস্য, আইন ও ব্যবস্থাপনা



*প্রধান অতিথি উপাচার্য আমানুল্লাহ আহমেদ কে অরকা প্র ত্রীক পরিয়ে দিচ্ছেন অরকা উত্তর জোন সভাপতি ডঃ কালাম (২/৪১)।*

বিভাগের সকল ছাত্র-ছাত্রীদের অরকা'র পক্ষ থেকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে।

## ব্যাচ সংবাদ

**১ম ব্যাচ**

x আব্দুল হামিদ (১/১) গত ২রা জুলাই বাংলাদেশে এসেছেন। আগামী আগষ্ট মাস পর্যন্ত দেশে থাকবেন বলে জানা গেছে। দেশে তার উপস্থিতি অরকার কাজে প্রাণ চাঞ্চল্য এনেছে। সুস্বাস্থ্য ও সুন্দর জীবন কামনা করছি।

x মোঃ সাইফুল্লাহ (১/৩২) সম্প্রতি তার কর্মক্ষেত্র রোম নগরী থেকে বাংলাদেশে এসেছিলেন।

**২য় ব্যাচ**

x ডঃ সাইফুল মজিদ (২/৪১) পশ্চিম জার্মানীর ক্যাসেল ইউনিভার্সিটির সেন্টার অব প্রফেশনাল স্টাডিজ এর ভিজিটিং লেকচারার। গত মার্চ মাসে ক্যাসেল ইউনিভার্সিটির সহযোগিতায় তিনি ''টিচিং এন্ড রিসার্চ ইন দি কনটেক্স্ট অফ ইন্টার ন্যাশনাল এন্ড ইন্টার কালচারাল সাইন্টিফিক ট্রান্সফার'' এর উপর এক সেমিনার এর আয়োজন করেন যা আগামী নভেম্বর ঢাকাতে ও অনুষ্ঠিত হবে।

x অরকা প্রেসিডেন্ট মুয়িদ (২/৪২) আরও একবার বডি চেক আপ করে সম্প্রতি লন্ডন থেকে দেশে ফিরেছেন। আশু রোগমুক্তি কামনা করছি।

x আনিস (২/৪০) ব্যক্তিগত অবদান স্বরূপ রজত জয়ন্তী ফান্ডে সম্প্রতি পাঁচ হাজার টাকা দিয়েছেন। অরকা নির্বাহী কমিটির পক্ষ থেকে তাকে বিশেষ ধন্যবাদ: জানানো হচ্ছে।

x নজরুল ইসলাম মনি (২/৭৬) সম্প্রতি দেশে এসে বিয়ে করেছেন। ভাবীকে নিয়ে শীঘ্রই ইন্ডিয়া চল্যোবেন।

x সেলিম (২/১৩৮) গত মার্চ মাসে ২য় পুত্র সন্তানেরজনকহয়েছেন।নামঃ-সাকিব।

**৩য় ব্যাচ**

x কামরুল (৩/১৩৯) এর বাসায় গত ১৫ ই জুন ৩য় ব্যাচের এক গেট-টুগেদার অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্টানে ভাবীরা সহ প্রায় ২৫/২৬ জন সদস্যউপস্থিতছিলেন।

x মনিরুল (৩/৯৬) মাষ্টার মেরিনার, এখন বাংলাদেশে অবস্থান করছেন। পরবর্তী যাত্রার অপেক্ষায়রয়েছেন।

x আব্দুল হামিদ আবু (৩/১২৭) এর বাসায় গত ২০শে জুলাই ৩য় ব্যাচের আরেকটি গেট-টুগেদার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে ৩য় ব্যাচের অনেক সদস্য সস্ত্রীক উপস্থিত ছিলেন।

x মতিন (৩/১০২) বেশ কিছুদিন আগে এক পুত্র সন্তানের জনক হয়েছেন। আমরা মিষ্টি মুখের অপেক্ষায় থাকলাম।

**৪র্থ ব্যাচ**

x ডাঃ সাইদ আহমেদ (৪/৫০৬) রেজিষ্টার অর্থপেডিক, সার্জারি ইউনিট, রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতাল, রোজার ঈদের পর বিয়ের পর্ব সেরেছেন। কনে ডাঃ খুকু ময়মনসিংহ মেডিক্যাল কলেজ হাসপাতালে ইন্টার্নীশীপকরছেন।

x মেজর আব্দুল বারী (৪/১৮২) গত মে মাসে ২য় কন্যা সন্তানের জনক হয়েছেন।

x ডাঃ ফেরদৌস (৪/৫১২) ক্লিনিক্যাল ফার্মাকোলজিতে পি· এইচ· ডি করতে গত ৮ই মার্চ লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন।

মার্চ লন্ডনের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন।

x উলফাত হোসেন (৪/১৯১) অফিসিয়াল ট্রেনিং–এ কায়রো গিয়েছিলেন এবং কৃতিত্বপূর্ণ রেজাল্ট করেছেন। কায়রো অবস্থানকালে গত এপ্রিল–মে মাসে দীর্ঘদিন পর দেশ থেকে বেড়িয়ে যাওয়া সাইদুল আহসান (৪/৯৯৫) রিয়াল এর সাথে তার পূনরায় সাক্ষাৎ ঘটে। নীল নদের দেশে দুজন এক অপরকে পেয়ে অত্যন্ত আবেগপ্রবন হয়ে উঠেন। তারা দুজনে মিসরের জগদ্বিখ্যাত পিরামিড, সুয়েজখাল, মিসরেরদান খ্যাত নীলনদ, আলেকজান্দ্রিয়া পোর্ট, ফেরাউন সভ্যতার পূরাকীর্তি সমূহ পরিদর্শন করেন। সুয়েজখাল, নীলনদ, আলেকজান্দ্রিয়ার তীরে বসে তারা অতীতের মধুর স্মৃতি বিজড়িত পদ্মার তীর ঘেষা রাজশাহী ক্যাডেট কলেজের বিভিন্ন স্মৃতি রোমন্থন করেন। ডুবে যান তারা অতীত স্মৃতির মধ্যে, জড়িয়ে পড়েন তারিক–খালিদ এর দ্বন্দ্বে। মোটকথা নীলনদ, সুয়েজখাল তাদের কিছুক্ষণের জন্য হলেও একে অপরকে একান্ত ভাবে উপলব্ধি করতে সাহায্য করছিল। উল্লেখ্য রিয়াল মিসরের এক কোম্পানীতে ডাইরেক্টর পদে অধিষ্ঠিত আছেন। আসন্ন রজত জয়ন্তীতে আপনাকে আমাদের মাঝে দেখতে চাই। সম্প্রতি নর্দান অরকা'কে দু'টি স্কলারশিপ দেয়ার প্রতিশ্রুতি দিয়েছেন। মহৎসিদ্ধান্তেরজন্য ধন্যবাদ।

৫ম ব্যাচ

x মামুন (৫/২১১) সম্প্রতি দেশে এসেছেন। আগামী ২৪ শে জুলাই আবার লন্ডনের উদ্দেশ্যে যাত্রা করবেন। গত ১৮ জুলাই তিনি তার বাসায় আকতার (৫/২৫৬) দম্পত্তিকে বিবাহোত্তর এক সম্বর্ধনা দেন। অনুষ্টানে ৫ম ব্যাচের অনেকেই সস্ত্রীক উপস্থিত ছিলেন।

x কাইয়ুম (৫/২১১) ও গত ২৬ শে জুন ঐ একই দম্পত্তির উদ্দেশ্যে এক অনুষ্ঠানের আয়োজন করেন তার নিজের বাসায়। এ অনুষ্ঠানেও ব্যাচের সদস্যরা সস্ত্রীক উপস্থিত ছিলেন।

x মামুন (৫/২০৭) এফ· সি· পি–এস করছেন। গত সংখ্যায় ভুল করে এম· আর· সি· পি লিখায় আমরাদুঃখিত।

x মেজর মাহতাব (৬/ ) সম্প্রতি সামরিক বাহিনীর অফিসারদের বার্ষিক সাংস্কৃতিক প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হয়েছেন। অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

৬ষ্ঠ ব্যাচ

x এনাম (৬/২৭১) বৌ কে আমেরিকা নিয়ে যাবার জন্য কতই চেষ্টা না করলেন। কিন্তু বিধি বাম। দেশে ভিসা না পেয়ে অবশেষে বৌ কে নিয়ে লন্ডন গেছেন। সেখান থেকে শেষ বারের মত চেষ্টা করবেন।

x রঞ্জু (৬/৩১৫), নান্নু(৬/৩১৫) আনিস (৬/৩০৫) ভূমি কম্পের পর ইরানে তারা কেমন আছেন জানিনা। আশা রাখি বেঁচে আছেন। ব্যাচমেটরা উদ্বিগ্ন। তাড়াতাড়ি জানান।

x ডঃ ইকবাল (৬/৩১৮) সম্প্রতি সেইভ দি চিলড্রেন এর অধীনে এক সেমিনারে অংশ নিতে নেপাল গিয়েছিলেন। মাসাধিক পর দেশে ফিরেছেন।

x ফ্লাইট লেঃ আসাদ (৬/২৭০) মাত্রাতিরিক্ত কোর্স করার জন্য ব্যাচ মেটরা তার উপর ক্ষিপ্ত। সম্প্রতি চীন থেকে আরেকটি কোর্স করে ফিরেছেন। অন্যদেরকে একবার সুযোগ দিলে হয়না?

x মুশতাক (৬/২৯৫) বিশিষ্ট শিল্পী ইয়াসমিন মুশতারীকে বিয়ে করেছেন। আশা রাখি, অরকার গেট–টুগেদারগুলোতে শিল্পীর উপস্থিতি বাড়তি আকর্ষণ হিসেবে কাজ করবে।

x টিটো (৬/২৭৩) সম্প্রতি ট্রেড ডেলিগেট হিসেবে অষ্ট্রেলিয়া সফরে গিয়েছিলেন। দেশের দৈনিকগুলোতেও সে খবর প্রকাশ পেয়েছে।

x শিবলী (৬/২৮৪) ক্যাডেট বৌকে নিয়ে বিপদে পড়েছেন। বৌ এর ধমক খেয়ে পোষ্টম্যান তার বাসায় সকল প্রকার চিঠিপত্র প্রদান বন্ধ করে দিয়েছে। ফলে এক বিব্রত কর অবস্থার মধ্যে দিন কাটাচ্ছেন। সমস্যার সমাধান আশা করছেন। এক্সট্রা ড্রিলের ব্যবস্থা করা যেতে পারে।

x মেজর হাফিজ (৬/৩০৪) ভাবীর হাত ভেঙ্গে গেছে। আমরা তার উত্তরোত্তর সুস্থতা কামনা করছি। উল্লেখ্য মেজর হাফিজ আগামী অক্টোবরে এক বছরের জন্য জাতিসংঘ পর্যবেক্ষক দলের সদস্য হয়ে ইরাক যাচ্ছেন।

সদস্যহয়েইরাকযাচ্ছেন।

৭ম ব্যাচ

x টিউলিপ (৭/৩৩৪) সম্প্রতি অরকা স্কলারশীপ ফান্ডে ৬০০/ টাকা দান করেছেন এবং নিয়মিত করার আশা ব্যক্ত করেছেন। তার এ মহৎ উদ্দ্যোগকে স্বাগত জানায়।

x মেজর আনোয়ার সাবির (৭/৩৬৭) বর্তমানে মীর্জাপুর ক্যাডেট কলেজের এ্যাডজুটেন্ট হিসেবে কর্মরত। মীর্জাপুর ক্যাডেট কলেজের রজত জয়ন্তীর অভিজ্ঞতার আলোকে আসন্ন রজত জয়ন্তীতে অরকা'কে বিভিন্নভাবে সহায়তা করার জন্য ধন্যবাদজানানোহচ্ছে।

৮ম ব্যাচ

রুহিন মান্নান (৮/৪৪০) সহকারী জজ হিসেবে বর্তমানে জয়পুরহাটের পাঁচবিবি উপজেলাতে কর্মরত। মান্নান পত্নী শুক্লা মান্নান গত ৭ ই মে এক পুত্র সন্তান লাভ করেছেন। নামঃ– প্রিয়ম। অরকা উত্তর জোনের প্রাক্তন অন্যতম সক্রিয় সদস্য আব্দুল হামিদ (১/১) ও ডঃ শাহ আলম (২/১৬) কে স্মরণ করেছেন এবং আন্তরিক কৃতজ্ঞতাজানাচ্ছেন।

x কাজী নজরুল ইসলাম (৮/৪২৯) সম্প্রতি তড়ি ঘড়ি করে দেশে এসেই কোনমতে বিয়ের কাজ সেরে আবার আমেরিকায় ফিরে গেছেন। তার এ ঘটনায় ব্যাচ মেটরা অবাক হয়েছেন।

x রঞ্জু (৮/৪০৯) গত ৮ই জুন রীতা নাম্নী এক মেয়েকে বিয়ে করেছেন। ব্যাচমেটদের কাউকেই দাওয়াত দেননি। ব্যাচমেটদের মন্তব্য তার বিচার করাহবে।

x আজাদ (৮/৪১৪) গত ৬ই জুলাই তিন সপ্তাহের একটি কোর্সে সুইজারল্যান্ড গেছেন। আগামী ৩১ জুলাই ফিরবেন। সকলের দোয়া প্রার্থী। বর্তমানে তিনি সিবা গেইগিতে কর্মরত।

x মুকুল (৮/৩৯০) আগামী ৩রা আগষ্ট গেট–টুগেদার এর আয়োজন করেছেন। সকল ব্যাচমেটদের উপস্থিত থাকতে বলা হচ্ছে।

- মুজিবুদ্দিন আহমেদ (৮/৪৩০) গত ২৬শে মে এম-এস করতে আমেরিকা গেছেন। সকলের দোয়াপ্রার্থী।

- মেজর ফিরোজ (৮/১৪) সম্প্রতি বাস্কেটবল খেলতে গিয়ে হাত ভেঙ্গে ফেলেছেন। এ মাসের শেষের দিকে চট্টগ্রাম থেকে ঢাকায় ফেরার সম্ভাবনা রয়েছে।

- বাদল (৮/৪৬৩)এর আক্দ হয়েছে রমজান মাসে। আগামী সেপ্টেম্বর মাসে মূল অনুষ্ঠান হবে।

**৯ম ব্যাচ**

- মাহবুব (৯/৪৪৩) বি· এস·সি ছেড়ে বর্তমানে অষ্ট্রেলিয়ার এক শিপিং কোম্পানীতে যোগ দিয়েছেন।

- কায়সার (৯/৪৪৫) বিয়ের জন্য হন্যে হয়ে পাত্রী খুজছেন। অরকা সদস্যদের কোন আত্মীয়া থাকলে খোঁজ দিতে পারেন।

- ডন (৯/৪৬৪) সম্প্রতি এক ক্ষুদ্রাকৃতি পা বিশিষ্ট মহিলা (চীনা)-কে বিয়ে করেছেন। ভয়ের ব্যাপার হচ্ছে ইতিমধ্যে তিনি সাপ থেকে অভ্যস্ত হয়েপড়েছেন।

- স্কোয়াড্রন লীডার শহীদুল (৯/৪৫৮) ইরাকে বিশেষ দায়িত্বে নিয়োজিত ছিলেন। সম্প্রতি দেশে ফিরেছেন।

- রফিক (৯/৪৬৫) বিয়ের জন্য মোটা মেয়ে খুঁজতে খুঁজতে হয়রান হয়ে গেছেন। হঠাৎ করে মোটা মেয়েদের প্রতি আকৃষ্ট হবার হেতু কি?

- জসীম (৯/৪৬১) তার আব্বার সু-স্বাস্থ্য কামনা করে দোয়া চেয়েছেন। আমরা তার সু-স্বাস্থ্য কামনাকরছি।

**১০ ব্যাচ**

- মুকুল (১০/৫২৭) গত মে মাসে শেনিয়ান চাইনিজ রেষ্টুরেন্টে ১০ম ব্যাচের গেট-টুগেদারের আয়োজন করেন। ব্যাচ-মেটরা সস্ত্রীক উপস্থিত ছিলেন।

- দুলাল (১০/৫৫৪) এর সৌজন্যে গত ১৫ই জুন তার বাসায় এক গেট-টুগেদার অনুষ্ঠিত হয়। ব্যাচমেটরা সস্ত্রীক উপস্থিত ছিলেন।

- ফরহাদ (১০/৫৫১) এর সৌজন্যে গত ২০ শে জুলাই আকতার (৯০/৫৪৮) এর বাসায় এক গেট-টুগেদার অনুষ্ঠিত হয়। ব্যাচমেটরা সস্ত্রীক উপস্থিতছিলেন।

- পান্না (১০/৫৩৫) মাইনিং ইঞ্জিনিয়ারিং-এ এম· এস করতে নরওয়ে যাচ্ছেন।

## 'রজত জয়ন্তী প্রতীক' চূড়ান্ত

রাজশাহী ক্যাডেট কলেজের ২৫ বছর পূর্তি তথা রজত জয়ন্তী উপলক্ষে অরকা "রজত জয়ন্তী প্রতীক" নির্বাচন করেছে। এই প্রতীকটি তৈরী করেছেন বাংলাদেশের বিশিষ্ট তরুণ শিল্পী এনামুল করিম নির্ঝর (১১/৬১৭), উল্লেখ্য এই প্রতীক সম্বলিত খাম, প্যাড ও এ্যাডফরম ইতিমধ্যে ছাপানো হয়েছে। এগুলোরও ডিজাইন তিনিই করেছেন। ছবিতে দৃশ্যমান সুন্দর এই প্রতীকটি তৈরী করার জন্য অরকার পক্ষ থেকে নির্ঝরকে বিশেষ ধন্যবাদ জানানো হচ্ছে।

1966-91
RAJSHAHI CADET COLLEGE

- আগামী ১৭ই আগষ্ট সাভারস্থ পান্না (১০/৫২৯)'র বাসায় ১০ম ব্যাচের নিয়মিত মাসিক গেট-টুগেদার অনুষ্ঠিত হবে। সবাইকে উপস্থিত থাকতে বলা হয়েছে।

**১১শ ব্যাচ**

- ডাঃ সালাউদ্দীন (১১/৫৮৫) ঢাকাস্থ শ্রমজীবি হাসাপাতালে মেডিক্যাল অফিসার হিসেবে কর্মরত। গত ২০শে জানুয়ারী এক পুত্র সন্তানের জনক হয়েছেন। নামঃ-ফাহিম। মিষ্টি মুখের অপেক্ষায় থাকলাম।

- ফজলে আলমগীর (১১/৫৮০) সম্প্রতি সাফল্যজনকভাবে এম· বি·এ কমপ্লিট করেছেন।

**১২ শ ব্যাচ**

- সেলিম রেজা (১২/৬৫২) ঢাকা বিশ্ববিদ্যালয়ের ১৯৮৯ সালে অনুষ্ঠিত ১৯৮৫ সালের এম ফার্ম (থিসিস) ফাইনাল পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম স্থান লাভ করেছেন। উল্লেখ্য তিনি বি ফার্ম (অনার্স) পরীক্ষাতেও প্রথম শ্রেণীতে প্রথম স্থান লাভ করেছেন। তার এই কৃতিত্বপূর্ণ রেজাল্টের জন্য অরকার পক্ষ থেকে বিশেষ অভিনন্দন জানানোহচ্ছে।

**১৩শ ব্যাচ**

- ১৩শ ব্যাচের নিয়মিত মাসিক গেট-টু-গেদার এখন থেকে নিয়মিত করার ব্যবস্থা নেয়া হয়েছে। প্রতিমাসের শেষ শুক্রবার এটা অনুষ্ঠিত হবে। এবং যথাসময়ে তা ঢাকাস্থ ব্যাচমেটদের জানিয়ে দেয়া হবে। তবে জুলাই মাসের গেট-টুগেদার এর সামান্য পরিবর্তন করে ব্যাচের কলেজ পদার্পন দিবস, ১লা আগষ্ট, বুধবার অনুষ্ঠিত হবে সকলকে বিকেল ৬টার মধ্যে ৪০০৩ সোহরাওয়ার্দী হল বুয়েটে মিলিত হতে অনুরোধ করা যাচ্ছে। সেখান থেকে পরে সুবিধাজনক কোন এক রেষ্টুরেন্টে যাওয়া হবে।

- রউফ (১৩/৭৪২) সম্প্রতি আর্মি ডেন্টাল কোরে যোগ দিয়েছেন। গত ১০ ই জুলাই থেকে বি·এম· এ তে টেনিং শুরু হয়েছে।

- ক্যাপ্টেন ওয়াহিদ (১৩/৭১৬) ও ক্যাপ্টেন সাঈদ (১৩/৭৪১) বুয়েট ভর্তি পরীক্ষার জন্য বাছাই হয়েছেন। সফল হউন--কামনা করছি।

- কামাল (১৩/৭১৭) উচ্চ শিক্ষার্থে জাপানের হোক্কাইডো ইউনিভার্সিটিতে বর্তমানে ল্যাংগুয়েজ কোর্স করছেন। তিনটির মধ্যে এ পর্যন্ত অনুষ্ঠিত দুটি পরীক্ষায় প্রথম হয়েছেন। অভিনন্দন রইল।

- প্রভাস (১৩/৭২০) এর সন্ধান পাওয়া যাচ্ছে না। সন্ধান দাতাকে ব্যাচের পক্ষ থেকে 'আলমের ছাতা'' পুরস্কৃত করা হবে।

- জালাল (১৩/৭২৬)এরএনগেজমেন্ট হয়ে গেছে। কনে বর্তমানে সিলেট মেডিক্যালে ইন্টার্নীরত। অনুষ্ঠানিক বিয়ের জন্য জালাল নিজ ফলাফলের অপেক্ষায় আছেন।

- রিপন (১৩/৭৩০) এর বিয়ে পাকা। ইন্টার্নীশীপ হয়ে গেলেই শুভকাজ হয়ে যাবে।

- জাহাঙ্গীর (১৩/৭৩৬) এর এবার ঈদে বাড়ী যাওয়া খুব সুখের ছিল। কারণ সাথে------।

- রায়হান (১৩৭৩৯) এর অবদান ব্যাচমেটরা নিশ্চয় এবার ঈদের আনন্দমেলায় লক্ষ্য করেছেন।

- প্রিন্স (১৩/৭৪৮) রাশিয়া থেকে কম্পিউটার সায়েন্সে মাষ্টার্স করে সম্প্রতি দেশে ফিরেছেন। কম্পিউটার ব্যবসায় নামার ইচ্ছা আছে।

কম্পিউটার ব্যবসায় নামার ইচ্ছা আছে।

x ক্যাপ্টেন হাসান (১৩/৭৩৪) অরকা ভাবীদের দৃষ্টি আকর্ষণ করেছেন। যদি ছোট বোন থেকে থাকেতবে----।

x সুফিউর (১৩/৭০৬) সম্প্রতি ৯ম বি· সি· এস পরীক্ষায় পররাষ্ট্র ক্যাডারে চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। অরকার পক্ষ থেকে বিশেষ অভিনন্দন জানানো হচ্ছে। উত্তরোত্তর উন্নতি কামনা করছি।

x মোকাদ্দেম (১৩/৭১১) ও নিয়াজ (১৩/৭০৩) ৯ম, বি· সি· এস পরীক্ষায় টেলিযোগাযোগ ক্যাডারে চূড়ান্তভাবে নির্বাচিত হয়েছেন। তাদেরও অরকার পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

**১৪শ ব্যাচ**

x হামিদুর রহমান (১৪/৭৭৩) সম্প্রতি ৯ম বি· এস· এস পরীক্ষায় প্রশাসনিক ক্যাডারে চূড়ান্তভাবে মনোনয়ন পেয়েছন। অরকার পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

x মামদুদ (১৪৭৫৫) ৮৯ সালের আই· বি· এ স্বর্ণ-পদক বিজয়ী। আগামী সেপ্টেম্বরে শিক্ষক হিসেবে আই· বি·এ তে যোগ দিচ্ছেন। বর্তমানে বেক্সিমকোতে এক্সিকিউটিভ হিসেবে কর্মরত। কৃতিত্বপূর্ণ ফলাফলের জন্য অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

x রাজ (১৪/৮০৫) বর্তমানে লন্ডনে অবস্থান করছেন। গত শীতে এসে বিয়ের কাজ সেরে গেছেন। কনে হচ্ছেন কিশোর (১০/৫৫৬) এর ছোট বোন। আগামী সেপ্টেম্বরে আবারও দেশে আসছেন, বৌ কে লন্ডনে নিতে।

x মীর মাসুদ কবীর (১৪/৭৬৫) সম্প্রতি অষ্ট্রেলিয়ায় একটি ফ্রেঞ্চ অয়েল ড্রিলিং কোং এ চাকুরী পেয়েছেন। বেতন মাসিক ৫,০০০ ডলার মাত্র। রজত জয়ন্তী উপলক্ষে অরকা আর্থিক সহায়তা কামনা করছে। বিচিত্রার পাতায় নিয়মিত পদচারণা দেখে খুশি হই।

**১৫শ ব্যাচ**

x তপু (১৫/৮৬৩) সম্প্রতি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থ বিভাগ থেকে স্নাতক পরীক্ষায় প্রথম শ্রেণীতে প্রথম হয়েছেন। অরকার পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

x জর্জিস (১৫/৮২১) একই বিভাগ থেকে প্রথম শ্রেণীতে দ্বিতীয় হয়েছেন। অরকার পক্ষ থেকে তার প্রতিও রইল বিশেষ অভিনন্দন।

x মতিন (১৫/৮৪৬) গত ৮ই জুন বিবাহ বন্ধনে আবদ্ধ হয়েছেন। কনে এবার মাধ্যমিক পরীক্ষা দিয়েছেন। তবে পরীক্ষা তেমন ভাল হয়নি। কারণ---।

x ইয়াসিন (১৫/৮৪৪) এর টাক পড়ে গেছে। ধারণা করা হচ্ছে, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পশ্চিম পাড়াস্থ মেয়েদের নিয়মিত লেকচার দেবার কারণেই তার এ অবস্থা। অনেকেই বলছেন, ঐ পশ্চিম পাড়ারই কেউ তাকে বান মেরেছে।

x মাইনুল (১৫/৮৬৩) ঃ-এর মামা সম্প্রতি গোমস্তাপুর (চাপাই নবাবগঞ্জ) উপজেলার চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন। মাইনুল ছিল তার প্রধান ক্যানভাসার। সেই সূত্রে প্রাইভেট সেক্রেটারীরদায়িত্বপেয়েছেন।

**১৬ শ ব্যাচ**

x মাসুদ (১৬/৮৫৭) গার্লস ক্যাডেটকে জীবনসঙ্গী হিসেবে পেতে চায়। omec এর দৃষ্টি আকর্ষণ করছি।

x বাপ্পি (১৬/৯০০) জীবনের আরও একটি ধাপ (!) অতিক্রম করেছেন বলে মনে হচ্ছে।

x আফতাব (১৬/৯০৬) কিছুদিন আগে এক মারাত্নক সড়ক দুর্ঘটনা থেকে প্রাণে বেঁচে গেলেও বাইকের জন্য বড়ই দুঃখ পেয়েছেন। গোঁয়ার স্বভাবটা বদলানো উচিত।

x ফারুখ (১৬/৮৮৭) ব্যাপারটিকে 'মালটিলাভ' বলা যেতে পারে। বর্তমানে প্রায় দশজনের সাথে পত্র বিনিময় চলছে।

x খায়ের (১৬/৯১৩) বর্তমানে বর্গক্ষেত্র আকার ধারণ করেছেন। খাবারের পরিমাণটা বাড়িয়ে দিলে আয়তক্ষেত্র আকার ধারণ করার সম্ভাবনা রয়েছে।

x জোসেফ (১৬/৮৯৮) সম্প্রতি এক কন্যা সন্তান লাভ করেছেন! ১৬শ ব্যাচের প্রথম জেনারেশনের আগমন।

(সংবাদ দাতা--পিন্টু (১৬/৮৯৯)

**১৭শ ব্যাচ**

x শাহনেওয়াজ রনি (১৭/৯৬৬) সুদূর আমেরিকা পাড়ি দিয়ে ক্যাডেট কলেজ ক্যাম্পাসে এসেছিলেন কোন এক প্যারেন্টস্ ডে তে। উদ্দেশ্য প্রিয়তমার সাথে মিলিত হওয়া। সর্বশেষ খবর হলো--কিছুদিন আগে বাংলা বিভাগের গফুর স্যারের মেয়ে শাপলাকে বিয়ে করে আবার ফিরে
স্যারের মেয়ে শাপলাকে বিয়ে করে আবার ফিরে
গেছেন আটলান্টিকের পাড়ে।

x এস· এ· এম হাসনাইন (১৭/৯২২) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের অধীন অনুষ্ঠিত প্রথম বৃত্তি মূলক এম· বি· বি· এস পরীক্ষায় (মে'৮৯) প্রথম স্থান লাভ করেছেন। অরকা'র পক্ষ থেকে বিশেষ অভিনন্দন রইল।

**১৮শ ব্যাচ ঃ** কোন খবর পাওয়া যায় নি।

**১৯শ ব্যাচ**

x আব্দুল কাদের (১৯/১০৪৯) বেশ কিছুদিন থেকে নিখোঁজ রয়েছেন। কেউই তার কোন খোঁজ-খবর জানেনা। বিশস্ত সূত্রে জানা গেছে, বিবাহ জনিত কারণে আড়ালে রয়েছেন। বর ও কনে উভয়েই সুস্থ রয়েছেন।

x ইমরেজ (১৯/১০৪৩) সম্প্রতি আলীগড় বিশ্ববিদ্যালয় এর বাংলাদেশী ছাত্র কর্তৃক আয়োজিত ২১ উদযাপন অনুষ্ঠানে সুন্দর উপস্থাপনার জন্য প্রশংসিত হয়েছেন। (মাধ্যমঃ প্রবাস থেকে, বিচিত্রা)

x সাইফ (১৯/১০২৭) আঙ্কারাস্থ বাংলাদেশী কর্তৃক আয়োজিত বিভিন্ন অনুষ্ঠান মালায় সক্রিয় অংশগ্রহণের জন্য অভিনন্দন। (মাধ্যমঃ-প্রবাস থেকে)

x ফয়সল (১৯/১০৫০)ঃ-উচ্চ শিক্ষার্থে ফয়সলের আর বিদেশ যাওয়া হলো না এদিকে সুইটি-রও(গার্লস ক্যাডেট) দুশ্চিন্তার শেষ হলো না।

**২০ শ ব্যাচ**

x আরিফ (২০/১১১৪) উইচিটা ইউনিভার্সিটিতে পড়াশুনার জন্য আগামী ২রা আগষ্ট আমেরিকা পাড়ি দিচ্ছেন। আমরা তার সাফল্য কামনা করছি।

x রেজা (২০/১১০৬) মিজান (২০/১০৯৮) দীপু (২০/১০৮৫) আনোয়ার (২০/১১২০) ২৬তম বি· এম· এ লং কোর্সে বর্তমানে প্রশিক্ষণাধীন রয়েছেন। সকলের সাফল্য কামনা করছি।

## উত্তর আমেরিকা সংবাদ

প্রতিবেদক--আব্দুল হামিদ (১/১)

x বিশিষ্ট বিজ্ঞানী ডঃ আবু খালেদ (ফাউন্ডিং টিচার) রজত জয়ন্তী উৎসবে অংশ নিতে

একান্তভাবে আগ্রহী। আমরাও তাকে আমাদের মাঝে পেতে আগ্রহী।

x ডঃ খুরশীদ (১/১৫) অরকা স্কলারশীপ ফান্ডে বছরে ২০০ ডলার দিবার অঙ্গীকার করেছেন। তার এই মহৎ উদ্যোগকে আমরা স্বাগত জানায়।

x দীর্ঘদিন ধরে খোঁজা খুঁজির পর অবশেষে জর্জিয়া থেকে সাব্বির (৫/২৩২) কে, টেক্সাস থেকে সাদেকুল (৫/২৩৪) কে এবং নিউইয়র্ক থেকে সোহেল(৬/৩০১)কে সেখানেকার পুলিশ (!) উদ্ধার করেছেন। সত্যিই কি আপনারা হারিয়ে গিয়েছিলেন?

x ডঃ আব্দুর রশীদ (৬/৩০৮) সম্প্রতি ফাতিমা নাম্নী এক ভারতীয়কে বিয়ে করেছেন। সুখী দাম্পত্য জীবন কামনা করছি।

x ইঞ্জিঃ ইমরান হোসেন ও সিমান হোসেন (১/২৬০) দম্পতি গত ২৯শে মে এক পুত্র সন্তান লাভ করেছেন। নাম ইরফান। বাবার চেয়েও বড় হও--এই প্রত্যাশা করি।

আমরা অত্যন্ত আনন্দের সাথে জানাচ্ছি, সকল সদস্যদের, বিশেষ করে উত্তর আমেরিকাস্থ সদস্যদের মহৎ উদ্দ্যোগের ফলে অরকা স্কলারশীপ ফান্ড মোটামুটি একটি শক্ত অবস্থানে দাঁড়াতে পেরেছে। তাদের এ মহৎ উদ্দ্যোগকে শ্রদ্ধার সঙ্গে স্মরণ করছি এবং দানকারী সদস্যদের অরকা'র পক্ষ থেকে বিশেষভাবে ধন্যবাদ জানাচ্ছি। নিম্নে দানকারী সদস্যদের (উত্তর আমেরিকা) নাম ও অর্থের পরিমান দেয়া হলঃ-

| | | |
|---|---|---|
| ডঃ সাদেকুল ইসলাম (১/৪) | ১০০ | ডলার |
| ডঃ আবু খালেদ ( ফাউন্ডিং টিচার) ৫০ ডলার | | |
| ডঃ মশিউল আলাম(১/২৬৩) | ৫০ | ডলার |
| ডঃ খুরশীদ আহমেদ (১/১৫) জাপান থেকে | ২০০ | ডলার |
| আব্দুল হামিদ (১/১) | ১০০ | ডলার |
| ডঃ হাবিব সিদ্দিকী (২/৪৮) | ১০০ | ডলার |
| আফজাল ইবনে নূর (৩/৯৭) (প্রতি বছর) | ১০০ | ডলার |
| মাহমুদুর রহমান (৩/৮০) | ৫০ | ডলার |
| মিফতাউল আমিন (৪/১৪৫) | ৬০ | ডলার |
| জহিরুল হক (৩/৩৮৫) | ২৫ | ডলার |
| তাজিম হাসান (৩/৮৮) | ৪৫ | ডলার |
| ডঃ শামিম শাকুর (৫/২২২) | ২৫ | ডলার |
| ডঃ এম আলমগীর (৫/২১৮) | ৫০ | ডলার |
| হাবিবুর রশীদ খান (৫/২১৬) | ১৫ | ডলার |
| কাজী আহসানুল হক মানিক (৮/৪০৭) | ৫০ | ডলার |
| মোহাম্মাদ আজমিরী (৯/৪৯৪) | ২০ | ডলার |
| জাহিদ ইকবাল টিংকু (৯/৪৮৯) | ২০ | ডলার |
| আব্দুর রাজ্জাক (১১/ ) | ২০ | ডলার |
| আনোয়ার চৌধুরী (৯/৪৮৩) | ৩০ | ডলার |
| নাম প্রকাশে অনিচ্ছুক | ৬০ | ডলার |
| মোটঃ | ১,১৭০ | ডলার |

## শোক সংবাদ

মেরিন ইঞ্জিনিয়ার হাসান আক্তার (১৩/৭৪৪) গত ৭ই জুন সকাল সাড়ে ন'টায় রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহে-------রাজেউন)। উল্লেখ্য মাত্র এক সপ্তাহ পূর্বে সোহানী নাম্নী এক মেয়ের সাথে তার বিয়ে হয়েছিল এবং সেই সঙ্গে আব্বা (জাভেদ আলী বিশ্বাস স্যার) ও আমাকে সাথে নিয়ে এবার তার হজ্বে যাবার কথা ছিল। আমরা তার আত্মার মাগফেরাত কামনা করছি এবং সেই সঙ্গে তার শোক তপ্ত পরিবারকে আমাদের গভীর সমবেদনা জানাচ্ছি।

x সেলিম (২/১৩৮) এর আব্বা গত ৫ই জুন ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে----রাজেউন)। আমরা মরহমের মাগফেরাত কামনা করছি। এবং তার শোকতপ্ত পরিবারকে আমাদের গভীর সমবেদনাজানাচ্ছি।

x জসীম (৯/৪৬১) এর আম্মা কিছুদিন আগে ইন্তেকাল করেছেন ( ইন্না লিল্লাহে-----রাজেউন) আমরা মরহমার মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারকে আমাদের গভীর সমবেদনাজানাচ্ছি।

x নাসের (৯/৪৫১) এর আম্মা কিছুদিন আগে ইন্তেকাল করেছেন (ইন্না ইল্লাহে-----রাজেউন) আমরা মরহমার মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারের প্রতি আমাদের গভীর সমবেদনা জ্ঞাপন করছি।

x কাদের (১৩/৭১৫) এর আব্বা গত রমজান মাসে বেশ কিছুদিন অসুস্থ থাকার পর ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে---রাজেউন) আমরা মরহমের মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারের প্রতি আমাদের গভীর সমবেদনাজানাচ্ছি।

x সাইফুল (৩/১১৯) এর আব্বা গত ১লা রমজানে ঠিক তারাবীর নামাজ পড়ে বাড়ী আসার পরপরই ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহে----রাজেউন) আমরা মরহমের মাগফেরাত কামনা করছি এবং শোকতপ্ত পরিবারকে আমাদের গভীর সমবেদনা জানাচ্ছি।

## ক্যাম্পাস সংবাদ

স্প্যান--১৬'র জন্য কলেজ প্রিফেক্ট মোস্তাফিজ (২১/১১৪০) যা জানিয়েছেন--

x **২৭তম ব্যাচের আগমনঃ** গত ৭ই জুন রাজশাহী ক্যাডেট কলেজের ২৭ তম ব্যাচের শুভাগমন ঘটেছে। অরকা'র পক্ষ থেকে তাদের জন্য রইল উষ্ণ অভিনন্দন। আনন্দে ভরপুর হয়ে উঠুক তোমাদের কলেজ জীবন।

x **পরীক্ষাঃ** জানা গেছে এস,এস,সি পরীক্ষা শুরু হয়েছে, পরীক্ষার্থী ছোট ভাইদের সকলের জন্য দোয়া রইল। পরীক্ষার সুন্দর ও সুষ্ঠ পরিসমাপ্তি কামনা করছি।

x গত ১২ই জুলাই এইচ,এস,সি পরীক্ষা শুরু হয়েছে। পরীক্ষার্থী ছোট ভাইদের সকলের জন্য দোয়া রইল। পরীক্ষার সুন্দর ও সুষ্ঠ পরিসমাপ্তি কামনাকরছি।

x আশাকরি, পরীক্ষা ও বিশ্বকাপ বিষয়ক জটিলতা দূর হয়েছে।

### x প্রতিযোগিতা সমূহ :

**ভলিবল (জুনিয়র)**

১ম -- খালিদ হাউস
২য় -- কাসিম হাউস
৩য় -- তারিক হাউস

শ্রেষ্ঠ খেলোয়াড় --মনিরুল (২৬/১৩৯১) খালিদ হাউস

**সংগীত**

১ম -- তারিক হাউস
২য় -- খালিদ হাউস
৩য় -- কাসিম হাউস

**ভলিবল (সিনিয়র)**

১ম -- খালিদ হাউস
২য় -- তারিক হাউস
৩য় - কাসিম হাউস

শ্রেষ্ঠ খেলোয়াড় --জার্জিস(২২/১১৮১) খালিদ হাউস।

**আন্তঃ হাউস ক্রস কান্ট্রি রেস**

১ম -- তারিক হাউস (১৫ বছর ধরে)
২য় -- কাসিম হাউস
৩য় -- খালিদ হাউস

x **রেকর্ডঃ**

বর্তমান কলেজ গেমস প্রিফেক্ট ইসলাম (২১/১১৩৪) কলেজ জীবনে ৫০টি মেডেল পেয়ে আরিফ (১৫/৮৪০) এর রেকর্ড স্পর্শ করেছেন। বিশেষ অভিনন্দন রইল।

x **দোয়া প্রার্থীঃ** রসায়ন বিভাগের প্রদর্শক জনাব আব্দুল হাকিম স্যার স্ট্রোকে আক্রান্ত হয়ে কিছুদিন আগে রাজশাহী মেডিক্যাল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন। স্যারের সম্পূর্ণ রোগ মুক্তির জন্য সকলের দোয়া কামনা করছি।

*We Work For Quality Construction*

**JOINT VENTURE ENGINEERS LTD.**

**272, ELEPHANT ROAD (2ND FLOOR) DHAKA-1205**

**PHONE : 50 83 78, 50 96 76**

**BOOK POST**

**FROM** **TO**

**orca,**

**250, NEW ELEPHANT ROAD**
**DHAKA—1205**
**BANGLADESH**